

Meeting of EAM with the Chinese Foreign Minister

September 11, 2020

ভারতের বিদেশমন্ত্রীর সাথে চিনের বিদেশমন্ত্রীর বৈঠক

সেপ্টেম্বর 11, 2020

1. 10ই সেপ্টেম্বর 2020 তারিখে মস্কোতে ভারতের বিদেশমন্ত্রীর সাথে চিনের বিদেশমন্ত্রীর ভারত-চীন সীমান্ত অঞ্চলে বর্তমান উত্তেজনা নিয়ে বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বৈঠকটি আড়াই ঘন্টা ধরে চলেছে।
2. বিদেশমন্ত্রী রেখাপাত করেছেন যে, 1976 থেকে রাষ্ট্রদূত পর্যায়ে সম্পর্ক পুনর্গঠন থেকে এবং 1981 থেকে সীমান্ত আলোচনা অনুষ্ঠিত হওয়া থেকে আজ পর্যন্ত ভারত-চীন সম্পর্ক একটি বিস্তৃত ইতিবাচক গতিপথে বিকাশ লাভ করেছে। সময়ে সময়ে কিছু ঘটনা স্বল্পেও সীমান্ত এলাকায় শান্তি ও সুস্থিতি বেশীভাগ সময় বজায় ছিল। ফলত, সম্পর্ককে আরও বাস্তবিক বৈশিষ্ট্য প্রদান করে ভারত-চীন সহযোগিতাও বৃহদাকারে বিকশিত হয়েছিল। যেখানে ভারতের তরফে স্বীকৃতি দেওয়া হয়েছে যে, সীমান্ত প্রশ্নের সমাধানে সময় এবং প্রচেষ্টার প্রয়োজনীয়তা রয়েছে, এটাও পরিষ্কার যে, মৈত্রীর উন্নতিকে এগিয়ে নিয়ে যাবার জন্য সীমান্ত এলাকায় শান্তি এবং সুস্থিতি বজায় রাখাটা অত্যাবশ্যিক। তথাপি পূর্ব লাদাখে সাম্প্রতিক ঘটনাবলী, দ্বিপাক্ষিক সম্পর্কের উপরে অপরিহার্য ভাবে প্রভাব বিস্তার করেছে। তাই, দুই দেশের স্বার্থের জন্য বর্তমান পরিস্থিতির দ্রুত সমাধান হওয়া দরকার।
3. বৈঠকে, প্রকৃত নিয়ন্ত্রণরেখা (এলএসি) বরাবর সরঞ্জাম সহ চীনা সৈন্যবাহিনী জড় করাটা গভীর উদ্বেগের বলে ভারতের তরফ থেকে রেখাপাত করা হয়েছে। এইরকম বিশাল সৈন্যবাহিনীর উপস্থিতি 1993 এবং 1996-এর চুক্তির সাথে মানানসই নয় এবং এলএসি বরাবর প্রস্থলন প্রাপ্ত সৃষ্টি করেছে। এই সৈন্য সমাবেশের বিশ্বাসযোগ্য ব্যাখ্যা চিনের তরফ থেকে দেওয়া হয়নি। প্রকৃত নিয়ন্ত্রণ রেখা বরাবর বেশকিছু সংখ্যক বিরোধের ঘটনায় চিনের সামনের সারির সৈন্য বাহিনীর প্ররোচনামূলক আচরণ দ্বিপাক্ষিক চুক্তি এবং প্রোটকলকে অসম্মান প্রদর্শন করেছে। ভারতের তরফ থেকে স্পষ্টত জানানো হয়েছে যে, সে সীমান্ত এলাকার পরিচালনে সকল সহমতের সাথে সম্পূর্ণ সংশ্লিষ্টতা আশা করে এবং একতরফাভাবে স্থিতাবস্থা পরিবর্তনের কোনোরকমের প্রচেষ্টাকে নৈতিক সমর্থন করবেনা। ভারত আরও জোর দিয়েছে যে, সীমান্তের পরিচালনের সাথে উপযুক্ত সহমত এবং প্রোটকলকে ভারতীয় সৈন্য অতি যত্নের সাথে অনুসরণ করেছে।
4. আশু কাজ হল সকল বিরোধ এলাকা থেকে ব্যাপক ভাবে সৈন্য অপসারণকে সুনিশ্চিত করা। ভবিষ্যতে কোনো রকমের অপ্রীতিকর ঘটনাকে প্রতিহত করার জন্য সেটি প্রয়োজন। তাদের স্থায়ী চৌকি থেকে সৈন্য সমাবেশকে সম্পূর্ণ সরিয়ে নেওয়া এবং ধাপে ধাপে সেই প্রক্রিয়া সম্পূর্ণ করার কাজ সামরিক কমান্ডারদের করতে হবে।
5. তাদের আলোচনার শেষে, মন্ত্রীরা পাঁচটি বিষয়ে সহমতে পৌঁছিয়েছেন যেগুলি বর্তমান পরিস্থিতির প্রতি তাদের দৃষ্টিভঙ্গির রূপরেখা তৈরি করবে।

নিউ দিল্লি

সেপ্টেম্বর 11, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.